



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৭৮

তারিখঃ ২১ সেপ্টেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনের মাধ্যমেই রোহিঙ্গা সংকটের সমাধান- ড. কামাল উদ্দিন আহমেদ

রোহিঙ্গা সংকটের কারণে বাংলাদেশসহ প্রতিবেশী দেশগুলোর জন্য আঞ্চলিক হুমকি বেড়ে যাওয়ার বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, ২০১৭ সালে রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর নিষ্ঠুর নির্যাতনের ফলে ১১ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়, বর্তমানে ১৩ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে। আন্তর্জাতিক সম্প্রদায়, জাতিসংঘ কর্তৃক বিভিন্ন চাপ, নিষেধাজ্ঞা সত্ত্বেও মিয়ানমার রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়নি। এই অবস্থায় রোহিঙ্গারা চরম হতাশাগ্রস্ত হয়ে পড়েছে এবং নানা ধরনের অপরাধের সাথে জড়িয়ে পড়েছে। ফলে, এই অঞ্চলের নিরাপত্তা হুমকির সম্মুখীন। তাই, এশিয়া প্যাসিফিক ফোরাম, মিয়ানমারের জাতীয় মানবাধিকার কমিশন এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে এখনই এব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য আহবান জানান ড. কামাল উদ্দিন আহমেদ।

এশিয়া প্যাসিফিক ফোরামের ২৮তম বার্ষিক সম্মেলনের শেষ দিনে জাতীয় মানবাধিকার কমিশনের পক্ষে চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ এসব কথা বলেন। বিষয়টি উত্থাপনের জন্য জাতিসংঘ মানবাধিকার কমিশনের এশিয়া প্যাসিফিক অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ররি মুনগভেন কমিশন চেয়ারম্যানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে এব্যাপারে উদ্যোগ নেয়ার জন্য আহবান জানান। উক্ত সম্মেলনে আরও যোগ দিয়েছেন সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা এবং উপপরিচালক মোঃ আজহার হোসেন। উল্লেখ্য যে, এশিয়া প্যাসিফিক ফোরাম (এপিএফ) এশিয়া প্যাসিফিক অঞ্চলের জাতীয় মানবাধিকার সংস্থাসমূহের আঞ্চলিক জোট। জাতীয় মানবাধিকার সমূহের আন্তর্জাতিক নেটওয়ার্ক Global Alliance of National Human Rights Institution (GANHRI) এর ৪ টি আঞ্চলিক জোটের মধ্যে একটি হল এপিএফ। এরকম অন্য তিনটি ফোরাম রয়েছে আমেরিকা, আফ্রিকা ও ইউরোপ অঞ্চলের। এশিয়া প্যাসিফিক অঞ্চলের ২৬ টি জাতীয় মানবাধিকার সংস্থা এপিএফ এর সদস্য যার মধ্যে জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশও রয়েছে, যা বাংলাদেশের জন্য অত্যন্ত সম্মানজনক।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।